দি মিলেনিয়াম স্টারস স্কুল এন্ড কলেজ
রংপুর ক্যান্টনমেন্ট

শ্রেণি: নবম
**বিষয়: বাংলা দ্বিতীয় পত্র**

**১। পত্র লেখ :** ১০

ক) মনে কর, তুমি লালমনিরহাট জেলা নিবাসী মতিউর, তোমার বন্ধু আনিসুর ঢাকা জেলায় বাস করে। সম্প্রতি তুমি এদেশের একটি ঐতিহাসিক স্থান ভ্রমণ করেছ। তোমার ভ্রমনের অভিজ্ঞতা জানিয়ে আনিসুরকে একটি পত্র লেখ।

খ) ছাত্রকল্যাণ তহবিল হতে সাহায্যের আবেদন জানিয়ে বিদ্যালয় প্রধানের নিকট একখানা আবেদনপত্র লেখ।

**২। অনুচ্ছেদ লেখঃ** ১০

ক) একুশের বইমেলা খ) সময়ানুবর্তিতা

৩। যেকোনো একটি প্রতিবেদন লেখ-

ক) বিদ্যালয়ে অনুষ্ঠিত সাংস্কৃতিক সপ্তাহ সম্পর্কে তোমার বিদ্যালয় প্রধানের নিকট একটি প্রতিবেদন লেখ। ১০

খ) সম্প্রতি দেশে সড়ক দূর্ঘটনা বেড়ে যাওয়ায় এর কারণ ও প্রতিকারের সুপারিশসহ দেশের যেকোনো একটি দৈনিক পত্রিকায় প্রকাশের উপযোগি একটি প্রতিবেদন লেখ।

**নিচের বহুনির্বাচনী প্রশ্নগুলো সঠিক উত্তরটি নম্বরসহ খাতায় লেখ** **১×২০=১০**

১. 'ঈ' কারের পর 'ঈ' কার মিলে যে 'ঈ' কার হয় তার উদাহরণ কোনটি?
(ক) দিল্লীশ্বর (খ) পরীক্ষা (গ) অত্যুচ্চ (ঘ) অতীত

২. কোনটিতে স্বভাবতই-ণ ব্যবহৃত হয়েছে?
(ক) ব্রাহ্মণ (খ) ভণিতা (গ) বর্ণনা (ঘ) মরণ

৩. কোনটির দুটো পুরুষবাচক শব্দ আছে?
(ক) ননদ (খ) আয়া (গ) প্রিয়া (ঘ) শিষ্যা

৪. 'তন্বী' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) তনু + নী (খ) তনু + ঈ (গ) তন + নী (ঘ) তনু + ই

৫. কোন শব্দের বানানে স্বভাবতই 'ষ' হয়?
(ক) তৃষ্ণা (খ) ভাষা (গ) দৃষ্টি (ঘ) বর্ষণ

৬. 'তুমি বাড়ি বাড়ি হেঁটে চাঁদা তুলেছ'-এখানে **বাড়ি বাড়ি** দ্বিরুক্ত শব্দটি কোন অর্থ প্রকাশ করেছে?
(ক) আগ্রহ (খ) সামান্যতা (গ) ভাবের গভীরতা (ঘ) ধারাবাহিকতা

৭. 'পশু + অধম' এর শুদ্ধ সন্ধি কী?
(ক) পশ্বধম (খ) পশ্বাধম (গ) পশুধম (ঘ) পশাধম

৮. নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?
(ক) বান্ধবী (খ) বিধাত্রী (গ) কুলটা (ঘ) বিরহিণী

৯. নিম্নের কোনটি কূল-উপাধি ক্ষেত্রে স্ত্রীবাচকতা রয়েছে?
(ক) কুহকিনী (খ) ঘোষজায়া (গ) নর্তকী (ঘ) ধাত্রী

১০. কোন বাক্যে ক্রিয়াবাচক শব্দের দ্বিরুক্তরূপে ব্যবহার হয়েছে?
(ক) বৃষ্টি পড়ে টাপুর টুপুর (খ) শিশুটি ধীরে ধীরে যায়
(গ) ডেকে ডেকে হয়রান হয়েছে (ঘ) চিকমিক করে বালি

১১. পরনিন্দা শব্দে ণ- ব্যবহার না হয়ে 'ন' ব্যবহার হয়েছে কোন নিয়ম অনুসারে?
ক) ঋ, র, ষ এর পর 'ণ' হয় না
খ) ঋ, র, ষ এর পর স্বরধ্বনির পর 'ণ' হয় না
গ) সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না
ঘ) কতগুলো শব্দে স্বভাবতই ণ হয় না

১২. কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?
ক) মহো+ঔষধ=মহৌষধ খ) সতি+ঈশ=সতীশ
গ) মসী+আধার=মস্যাধার ঘ) গঙ্গা+উর্মি=গঙ্গোর্মি

১৩. ''বাংলা স্ত্রীবাচক শব্দের বিশেষণ স্ত্রীবাচক হয় না''-এর উদাহরণ কোনটি?
ক) ঘোষ-ঘোষজা খ) মেয়েটা পাগল হয়ে গেছে
গ) সুন্দর বলদ-সুন্দর গাই ঘ) বন্ধু-বান্ধবী

১৪. বিশিষ্টার্থক বাগধারা দ্বিরুক্ত শব্দের ব্যবহার রয়েছে কোনটিতে?
ক) ভয়ে গা ছম ছম খ) থেকে থেকে শিশুটি কাঁদছে
গ) ভাল ভাল আম এনো ঘ) বৃষ্টি পরে টাপুর টুপুর

১৫. কোনটিতে স্বভাবতই 'ষ'-হয়েছে?
ক) বর্ষা খ) আষাঢ় গ) কৃষক ঘ) চিকীর্ষা

১৬। "কালের বিস্তার" নিচের কোন দ্বিরুক্তি ব্যবহার হয়েছে?
ক) ছেলেটিকে চোখে চোখে রেখো খ) খাঁচার ফাঁকে ফাঁকে
গ) শিশুটি থেকে থেকে কাঁদছে ঘ) লোকটি হাড়ে হাড়ে শয়তান

১৭. ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি শব্দগুলোতে-ন ব্যবহার হয়েছে কেন?
ক) তৎসম শব্দ বলে খ) দেশী শব্দ বলে গ) বিদেশী শব্দ বলে ঘ) সমাসবদ্ধ শব্দ বলে

১৮. বাংলায় পুরুষ ও স্ত্রীবাচক শব্দ মূলত কয়ভাগে বিভক্ত?

| | | | |
|---|---|---|---|
| ক) ২ | খ) ৩ | গ) ৪ | ঘ) ৫ |

১৯. কে কে এল? এখানে কোন পদের দ্বিরুক্তি হয়েছে?

| | | | |
|---|---|---|---|
| ক) বিশেষ্য | খ) বিশেষণ | গ) সর্বনাম | ঘ) অব্যয় |

২০. কোন শব্দে স্বভাবতই-ষ ব্যবহৃত হয়নি?

| | | | |
|---|---|---|---|
| ক) আষাঢ় | খ) ঊষা | গ) কৃষক | ঘ) ভূষণ |